GKM–Geo(B & E)

# 2020

# GEOGRAPHY

**Time—Three Hours Fifteen Minutes**

*(First FIFTEEN minutes for reading the question paper only)*

**Full Marks — 90**

(For Regular and Sightless Regular Candidates)

**Full Marks — 100**

(For External and Sightless External Candidates)

*Special credit will be given for answers which are brief and to the point.*

*Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting.*

['ক' বিভাগ থেকে 'চ' বিভাগ পর্যন্ত প্রদত্ত প্রশ্ন নিয়মিত ও বহিরাগত সব পরীক্ষার্থীদের জন্য এবং 'ছ' বিভাগে প্রদত্ত প্রশ্ন শুধুমাত্র বহিরাগত পরীক্ষার্থীদের জন্য]

'ক' বিভাগে সকল প্রশ্ন আবশ্যিক, অন্য বিভাগে বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়। 'চ' বিভাগে কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীরা বিকল্প প্রশ্নের নির্দেশ অনুযায়ী উত্তর লিখবে। অন্য সকলে মানচিত্র চিহ্নিত করবে।

DailyUseEnglishSentences.com

## বিভাগ — 'ক'

১। বিকল্পগুলির থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো ঃ ১×১৪=১৪

১.১ যে প্রক্রিয়ায় অভিকর্ষের টানে উচ্চভূমির ঢাল বরাবর মাটি ও শিলাস্তর নেমে আসে তাকে বলে —

(ক) আবহবিকার

(খ) পর্যায়ন প্রক্রিয়া

(গ) অন্তর্জাত প্রক্রিয়া

(ঘ) পুঞ্জক্ষয় প্রক্রিয়া

১.২ মরু সমপ্রায়ভূমিতে কঠিন শিলাগঠিত কিছু অনুচ্চ পাহাড় অবশিষ্টাংশ ভূমিরূপ হিসাবে থেকে যায় —

(ক) ইয়ার্দাঙ

(খ) জুইগেন

(গ) বালিয়াড়ি

(ঘ) ইনসেলবার্জ

১.৩ অশ্ব অক্ষাংশ অবস্থিত —

(ক) নিরক্ষীয় নিম্নচাপ বলয়

(খ) উপক্রান্তীয় উচ্চচাপ বলয়

(গ) মেরু বৃত্তপ্রদেশীয় নিম্নচাপ বলয়

(ঘ) মেরু উচ্চচাপ বলয়

DailyUseEnglishSentences.com

১.৪ দিনরাতের তাপমাত্রার পার্থক্য সবচেয়ে বেশি দেখা যায় —

(ক) নিরক্ষীয় জলবায়ু অঞ্চলে

(খ) উষ্ম মরু জলবায়ু অঞ্চলে

(গ) ক্রান্তীয় মৌসুমি জলবায়ু অঞ্চলে

(ঘ) ভূমধ্যসাগরীয় জলবায়ু অঞ্চলে

১.৫ সমুদ্রস্রোত সৃষ্টি নির্ভর করে —

(ক) বায়ুপ্রবাহ

(খ) পৃথিবীর পরিক্রমণ

(গ) মগ্নচড়া

(ঘ) সব কটিই প্রযোজ্য

১.৬ কোনো স্থানের জোয়ার ও ভাটার প্রকৃত ব্যবধান প্রায় —

(ক) দু-ঘণ্টার বেশি

(খ) ছয় ঘণ্টার বেশি

(গ) চার ঘণ্টার বেশি

(ঘ) আট ঘণ্টার বেশি

(Contd.)



DailyUseEnglishSentences.com

১.৭ যানবাহনের কার্বনকণা নির্গমন রোধের জন্য ব্যবহার করা হয় —

(ক) পরিস্রাবক ঘূর্ণায়ণ

(খ) তাড়িতিক অধঃক্ষেপক

(গ) স্ক্রাবার

(ঘ) আস্তরণযুক্ত অ্যালুমিনা

১.৮ ভারতের প্রায় মাঝখান দিয়ে যে অক্ষরেখা বিস্তৃত রয়েছে তা হ'ল —

(ক) নিরক্ষরেখা

(খ) মকরক্রান্তিরেখা

(গ) মূল মধ্যরেখা

(ঘ) কর্কটক্রান্তিরেখা

১.৯ গোদাবরী ও কৃষ্ণা নদীর বদ্বীপের মাঝে অবস্থিত হ্রদের নাম হ'ল —

(ক) কোলেরু

(খ) পুলিকট

(গ) চিল্কা

(ঘ) ভেম্বনাদ

DailyUseEnglishSentences.com

১.১০ ভারতের সর্বাধিক জলসেচ করা হয় যে পদ্ধতিতে, সেটি হ'ল —

(ক) কূপ ও নলকূপ

(খ) জলাশয়

(গ) খাল

(ঘ) ফোয়ারা

১.১১ ভারতে পশ্চিমীঝঞ্ঝা দেখা যায় —

(ক) গ্রীষ্মকালে

(খ) শরৎকালে

(গ) বর্ষাকালে

(ঘ) শীতকালে

১.১২ সামুদ্রিক লবণাক্ত বাতাস প্রয়োজন হয় —

(ক) ইক্ষু চাষে

(খ) চা চাষে

(গ) পাট চাষে

(ঘ) কফি চাষে

DailyUseEnglishSentences.com

১.১৩ পশ্চিমবঙ্গে পেট্রোকেমিক্যাল শিল্পকেন্দ্র অবস্থিত —

(ক) জুনপুটে

(খ) কোলকাতায়

(গ) শঙ্করপুরে

(ঘ) হলদিয়ায়

১.১৪ ট্রপোগ্রাফিক্যাল মানচিত্রে সমোন্নতি রেখা অঙ্কন করা হয় যে রং দিয়ে তা হ'ল —

(ক) বাদামি

(খ) কালো

(গ) লাল

(ঘ) নীল

DailyUseEnglishSentences.com

## বিভাগ - 'খ'

২। ২.১ নিম্নলিখিত বাক্যগুলি শুদ্ধ হলে পাশে **'শু'** এবং অশুদ্ধ হলে পাশে **'অ'** লেখো (যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দাও) ঃ ১×৬=৬

২.১.১ ভাগিরথী এবং অলকানন্দা নদীর মিলনস্থল হ'ল দেবপ্রয়াগ।

২.১.২ মিস্ট্রাল একটি উষ্ম স্থানীয় বায়ু যা ফ্রান্সের রোন নদী উপত্যকায় প্রবাহিত হয়।

২.১.৩ এল নিনোর বছরগুলিতে ভারতে বন্যার সৃষ্টি হয়।

২.১.৪ সূর্য, চাঁদ এবং পৃথিবীর সরলরৈখিক অবস্থানকে সিজিগি বলে।

২.১.৫ পুনর্নবীকরণের ফলে পুরানো খবরের কাগজকে কাঁচামাল হিসাবে ব্যবহার করে কাগজ উৎপাদন করা যায়।

২.১.৬ শিবালিক পর্বতের পাদদেশে নুড়ি, পলি ও বালি গঠিত মৃত্তিকাকে বেট বলে।

২.১.৭ উপগ্রহ চিত্র ব্যাখার জন্য কম্পিউটার ব্যবহার আবশ্যিক।

২.২ উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো (যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও) ঃ ১×৬=৬

২.২.১ আবহবিকার ও ক্ষয়কার্যের যৌথ কার্যের ফলে সৃষ্ট ভূমিভাগের পরিবর্তন করার প্রক্রিয়াকে ________ বলা হয়।

২.২.২ মরুঅঞ্চলে বায়ুর ________ কার্যের ফলে মরুদ্যান সৃষ্টি হয়।



DailyUseEnglishSentences.com

২.২.৩ বায়ুচাপের ঢাল বৃদ্ধি পেলে, বায়ুর গতিবেগ ________ পায়।

২.২.৪ সমুদ্রের শীতল জল মেরু অঞ্চল থেকে ________ স্রোত রূপে নিরক্ষীয় অঞ্চলের দিকে প্রবাহিত হয়।

২.২.৫ ভারতের দীর্ঘতম জাতীয় সড়কপথ হ'ল NH ________ ।

২.২.৬ ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ________এ অবস্থিত।

২.২.৭ বৈদ্যুতিন বর্জ্যকে সংক্ষেপে বলা হয় ________ বর্জ্য।

২.৩ একটি বা দুটি শব্দে উত্তর দাও (যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও) ঃ ১×৬=৬

২.৩.১ পৃথিবীর বৃহত্তম উপত্যকা হিমবাহের নাম কী ?

২.৩.২ ভূপৃষ্ঠের কোন্ অঞ্চলের উপর বায়ুমণ্ডলে প্রথম ওজোন গহ্বর আবিষ্কৃত হয়েছে ?

২.৩.৩ পশ্চিমঘাট পর্বতমালার দক্ষিণতম গিরিপথটির নাম কী ?

২.৩.৪ কেরালার উপকূলের উপহ্রদগুলিকে স্থানীয় ভাষায় কি বলে ?



DailyUseEnglishSentences.com

২.৩.৫ ভারতের উচ্চতম জলপ্রপাতটির নাম লেখো।

২.৩.৬ ভারতের কোন্ শহরে প্রথম পাতাল রেলের যাত্রা শুরু হয় ?

২.৩.৭ ভারতের সর্বাধিক জনবহুল রাজ্য কোন্‌টি।

২.৩.৮ উপগ্রহ চিত্র কোন্ রূপে প্রকাশ করা হয় ?

২.৪ বামদিকের সাথে ডানদিকের গুলি মিলিয়ে লেখো ঃ

১×৪=৪

| বামদিক | ডানদিক |
|---|---|
| ২.৪.১ রত্না | ১. পাইন |
| ২.৪.২ সরলবর্গীয় অরণ্য | ২. মার্মাগাঁও |
| ২.৪.৩ রেলের বগি নির্মাণ কেন্দ্র | ৩. উচ্চ ফলনশীল ধান বীজ |
| ২.৪.৪ লৌহ আকরিক রপ্তানীকারক বন্দর | ৪. পেরাম্বুর |



DailyUseEnglishSentences.com

## বিভাগ — 'গ'

৩। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়)ঃ ২×৬=১২

৩.১ প্রপাতকূপ কাকে বলে ?

**অথবা**

'লোয়েশে'র সংজ্ঞা দাও।

৩.২. আপেক্ষিক আর্দ্রতা কী ?

**অথবা**

পেরিগি জোয়ার বলতে কি বোঝো ?

৩.৩ বর্জ্য ব্যবস্থাপনায় ভরাটকরণ কাকে বলে ?

**অথবা**

পৌরসভার বর্জ্যের সংজ্ঞা দাও।

৩.৪ ভারতের মরু উদ্ভিদের দুটি বৈশিষ্ট্য লেখো।

**অথবা**

দুন বলতে কি বোঝো ?

৩.৫ অনুসারী শিল্প কাকে বলে ?

**অথবা**

ভারতের প্রধান আভ্যন্তরীণ জলপথের যুক্তকারী কেন্দ্রদুটির নাম লেখো।

৩.৬ সেন্সর বলতে কি বোঝো ?

**অথবা**

ভূবৈচিত্র্যসূচক মানচিত্রের দুটি ব্যবহার লেখো।



DailyUseEnglishSentences.com

## বিভাগ — 'ঘ'

৪। সংক্ষিপ্ত ব্যাখ্যামূলক উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) ঃ

৩×৪=১২

৪.১ নদীর বহন কার্যের তিনটি প্রক্রিয়া সংক্ষেপে আলোচনা করো।

অথবা

জেট বায়ুপ্রবাহের সঙ্গে ভারতীয় মৌসুমিবায়ুর সম্পর্ক উল্লেখ করো।

৪.২ প্রকৃতি অনুসারে বর্জ্যের উদাহরণসহ শ্রেণিবিভাগ করো।

অথবা

বর্জ্য ব্যবস্থাপনার তিনটি প্রয়োজনীয়তা উল্লেখ করো।

৪.৩ ভারতের সড়কপথ ও রেলপথের প্রতিটির তিনটি করে সুবিধাগুলি আলোচনা করো।

অথবা

পাঞ্জাব ও হরিয়ানা রাজ্যের কৃষি বিপ্লবের সুফলগুলি উল্লেখ করো।

৪.৪ ভূবৈচিত্র্যসূচক মানচিত্রে ব্যবহৃত বিভিন্ন ধরনের স্কেলের উল্লেখ ছকের মাধ্যমে করো।

অথবা

জিওস্টেশনারী ও সানসিনক্রোনাশ উপগ্রহের মধ্যে পার্থক্য করো।

DailyUseEnglishSentences.com

## বিভাগ — 'ঙ'

(দৃষ্টিহীন পরীক্ষার্থীদের ক্ষেত্রে চিত্রাঙ্কন আবশ্যিক নয়)

৫। ৫.১ নিম্নলিখিত প্রশ্নগুলি থেকে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ

৫×২=১০

৫.১.১ হিমবাহের ক্ষয়কার্যের ফলে সৃষ্ট তিনটি ভূমিরূপের সচিত্র বিবরণ দাও।

৫.১.২ বায়ুমণ্ডলের ট্রপোস্ফিয়ার ও স্ট্র্যাটোস্ফিয়ার স্তরগুলি আলোচনা করো।

৫.১.৩ ভূমধ্যসাগরীয় জলবায়ু অঞ্চলের অবস্থান এবং এই জলবায়ুর প্রধান বৈশিষ্ট্যগুলি লেখো।

৫.১.৪ পৃথিবীর জলবায়ুর উপর সমুদ্রস্রোতের প্রভাবগুলি আলোচনা করো।

৫.২ নিম্নলিখিত প্রশ্নগুলি থেকে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ

৫×২=১০

৫.২.১ ভারতের জলবায়ু নিয়ন্ত্রণের প্রধান কারণগুলি ব্যাখ্যা করো।

DailyUseEnglishSentences.com

৫.২.২ ভারতের চা চাষের অনুকূল প্রাকৃতিক পরিবেশ বর্ণনা করো।

৫.২.৩ পশ্চিম ভারতে কার্পাস বয়ন শিল্পের অধিক উন্নতির কারণগুলি ব্যাখ্যা করো।

৫.২.৪ ভারতের নগরায়ণের প্রধান সমস্যাগুলি আলোচনা করো।

## বিভাগ — 'চ'

৬। প্রশ্নপত্রের সাথে প্রদত্ত ভারতের রেখা-মানচিত্রে নিম্নলিখিতগুলি উপযুক্ত প্রতীক ও নামসহ চিহ্নিত করে মানচিত্রটি উত্তরপত্রের সঙ্গে জুড়ে দাও ঃ ১×১০=১০

৬.১ আরাবল্লি পর্বত

৬.২ নর্মদা নদী

৬.৩ উত্তর-পূর্ব ভারতের সর্বাধিক বৃষ্টিপাত কেন্দ্র

৬.৪ ভারতের অরণ্য গবেষণাগার

৬.৫ পূর্ব ভারতের একটি লবণাক্ত মৃত্তিকাযুক্ত অঞ্চল

৬.৬ একটি কফি উৎপাদক অঞ্চল

৬.৭ ভারতের রূঢ় অঞ্চল

DailyUseEnglishSentences.com

৬.৮ ভারতের বৃহত্তম তথ্যপ্রযুক্তি শিল্পকেন্দ্র

৬.৯ পশ্চিম ভারতের একটি স্বাভাবিক বন্দর।

৬.১০ উত্তর ভারতের বৃহত্তম মহানগর।

অথবা

[ শুধুমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য ]

৬। যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও ঃ $১\times১০=১০$

৬.১ বিন্ধ্য ও সাতপুরা পর্বতের মাঝে অবস্থিত গ্রস্ত উপত্যকার নাম লেখো।

৬.২ ভারতের বৃহত্তম নদী দ্বীপের নাম কী ?

৬.৩ ভারতের একটি প্রবাল দ্বীপের নাম লেখো।

৬.৪ ভারতের কোন্ রাজ্যে দক্ষিণ-পশ্চিম মৌসুমিবায়ু সর্বপ্রথম এসে পৌঁছায় ?

৬.৫ পার্বত্য মৃত্তিকা দেখা যায় এমন একটি রাজ্যের নাম লেখো।

৬.৬ ধান উৎপাদনে ভারতের কোন্ রাজ্য প্রথম স্থান অধিকার করে ?

৬.৭ ভারতে উৎপাদিত একটি রবি শস্যের নাম লেখো।



DailyUseEnglishSentences.com

৬.৮ পশ্চিমবঙ্গের কোথায় রেলইঞ্জিন নির্মাণ শিল্পকেন্দ্র গড়ে উঠেছে?

৬.৯ পূর্ব হিমালয়ের একটি গিরিপথের নাম লেখো।

৬.১০ গাঙ্গেয় সমভূমিতে প্রাচীন পলিমাটি কি নামে পরিচিত ?

৬.১১ ভারতের সর্বনিম্ন জনঘনত্বপূর্ণ রাজ্য কোন্‌টি ?

৬.১২ পূর্ব উপকূলের বৃহত্তম বন্দরের নাম লেখো।

৬.১৩ কফি উৎপাদনে ভারতের কোন্‌ রাজ্য প্রথম স্থানাধিকারী ?

৬.১৪ ভারতের পূর্ব উপকূলের একটি স্বাভাবিক বন্দরের নাম লেখো।

## বিভাগ — 'ছ'

**[ শুধুমাত্র বহিরাগত পরীক্ষার্থীদের জন্য ]**

৭। ৭.১ যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ২×৩=৬

৭.১.১ বালিয়াড়ির সংজ্ঞা দাও।

৭.১.২ সামুদ্রিক মগ্নচড়া কাকে বলে ?

৭.১.৩ "শান্তবলয়" কী ?

৭.১.৪ ড্রামলিনের সংজ্ঞা দাও।



DailyUseEnglishSentences.com

৭.২ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৪=৪

৭.২.১ যমুনা নদীর উৎসের নাম লেখো ?

৭.২.২ একটি গ্রিনহাউস গ্যাসের নাম লেখো।

৭.২.৩ ভূ-বৈচিত্র্যসূচক মানচিত্রে নিত্যবহ নদী কোন্ রঙে দেখানো হয়।

৭.২.৪ ভারতে কোথাকার চা সুগন্ধের জন্য বিখ্যাত ?

৭.২.৫ পশ্চিমবঙ্গের একটি সাংস্কৃতিক শহরের নাম লেখো।

DailyUseEnglishSentences.com